

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-৩ অধিশাখা।
(www.powerdivision.gov.bd)

নং-২৭.০০.০০০০.০৫১.০৩১.০৩.২০১৪. ৮২

তারিখ : ৮ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

পরিপত্র


ভিশন ২০২১ ও এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। উচ্চ বৈদ্যুতিক চাপ (H.T) ও আবাসিক নতুন সংযোগ প্রদানের জন্য নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

উচ্চ বৈদ্যুতিক চাপের বৈদ্যুতিক সংযোগ (HT Connection)

- ১। নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষণিক জানিয়ে দিতে হবে।
- ২। তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ১০ দিনের মধ্যে লোড বরাদ্দ করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে।
- ৩। লোড বরাদ্দের পরবর্তী ২ দিনের মধ্যে ডিমাস্ত নোট ইস্যু করতে হবে।
- ৪। ডিমাস্ত নোট প্রাপ্তির ৪ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমাস্ত নোটের অর্থ ও মিটারের টাকা জমা দিতে হবে।
- ৫। টাকা জমা দেওয়ার পরবর্তী ৭ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।

আবাসিক সংযোগ

- ৬। আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ১ থেকে ৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।


(আবুল খায়ের মোঃ আমিনুর রহমান)
যুগ্মসচিব
ফোন-৯৫৪০২৮৯
coord-3@pd.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াশপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো), ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, নর্থওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (নওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, হেতেম খান রোড, রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/সমন্বয়/পরিকল্পনা ও নবায়নযোগ্য জ্বালানী) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ০৪। যুগ্ম-সচিব (কোম্পানি এ্যাক্ফোর্স/উন্নয়ন/বাজেট)/যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ০৫। উপসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, বিদ্যুৎ বিভাগ।

Estimated Time and Steps of HT Connection

(From Existing Service Drop)



- ❖ Total time required 28 days upon receipt of **complete application**.
- ❖ Substation inspection clearance certificate will be issued by the office of the EA & CEI within 10 Working days.
- ❖ Installation of solar panel to be insured by the respective entity.